**AKASHVANI(Kolkata**

**Regional News Unit**

**Date: 20-11-2025** **Time : 1.30 PM**

**বিশেষ বিশেষ খবর –**

১/ JDU নেতা নীতিশ কুমার দশম বারের জন্য বিহারের মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন।

২/ অর্থমন্ত্রী নির্মলা সীতারামণের সভাপতিত্বে নবম প্রাক্ বাজেট পরামর্শ সভা আজ নতুন দিল্লিতে অনুষ্ঠিত হয়েছে।

৩/ দেশে ২০২৪-২৫ সালে প্রতিরক্ষা উৎপাদন এক লক্ষ ৫৪ হাজার কোটি টাকায় পৌঁছে রেকর্ড গড়েছে।

৪) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, আদিবাসী সম্প্রদায় এবং দেশের উন্নয়ন পরস্পরের পরিপূরক।

৫) ভারতীয় সংবিধানের ২০০ ও ২০১ ধারার অধীনে আনা বিলে রাষ্ট্রপতি ও রাজ্যপালের স্বীকৃতির বিষয়ে কোনো সময়সীমা আদালত বেঁধে দিতে পারেনা বলে স্পষ্ট জানিয়েছে সুপ্রিম কোর্ট।

৬/ ৫৬-তম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব- IFFI, আজ গোয়ার পানাজিতে শুরু হতে চলেছে। চলবে ২৮শে নভেম্বর পর্যন্ত।

**********************************************************************

JDU নেতা নীতিশ কুমার দশমবারের জন্য আজ বিহারের মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন। পাটনার ঐতিহাসিক গান্ধী ময়দানে আজ সকাল সাড়ে ১১টায় তাঁকে শপথ বাক্য পাঠ করান রাজ্যপাল আরিফ মহম্মদ খান।

( বাইট- রাজ্যপাল )

বিজেপি নেতা সম্রাট চৌধুরী, বিজয় কুমার সিনহা, মঙ্গল পাণ্ডে, নীতিন নবীন এবং রামকৃপাল যাদব, নীতিশ কুমারের মন্ত্রিসভার সদস্য হিসেবে শপথ নিয়েছেন। পাশাপাশি, JDU-এর লেশী সিং, শ্রবণ কুমার, বিজেন্দ্র প্রসাদ যাদব, জামা খান এবং অশোক চৌধুরী শপথ গ্রহণ করেছেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্, জেপি নাড্ডা এবং বিজেপি শাসিত রাজ্যের মুখ্যমন্ত্রীরা এই অনুষ্ঠানে উপস্থিত রয়েছেন।

উল্লেখ্য, সদ্য সমাপ্ত বিহার বিধানসভা নির্বাচনে NDA ২৪৩টি আসনের মধ্যে ২০২' টিতে জয়লাভ করে।

************************************************************************

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নিমলা সীতারামনের সভাপতিত্বে আজ নতুন দিল্লিতে আসন্ন ২০২৬-২৭ অর্থবর্ষের কেন্দ্রীয় বাজেটের সঙ্গে সম্পর্কিত পর্যটন ও আতিথেয়তা ক্ষেত্রের বিশেষজ্ঞ এবং অংশীদারদের সঙ্গে নবম প্রাক-বাজেট পরামর্শ সভা অনুষ্ঠিত হয়। সভায় অর্থ প্রতিমন্ত্রী পঙ্কজ চৌধুরী, পর্যটন মন্ত্রকের অর্থনৈতিক বিষয়ক বিভাগের সচিব এবং সরকারের প্রধান অর্থনৈতিক উপদেষ্টাও উপস্থিত ছিলেন।

অর্থমন্ত্রী গতকাল তথ্য প্রযুক্তি, ব্যাংকিং, আর্থিক পরিষেবা এবং বীমা বিভাগের বিশেষজ্ঞদের সঙ্গে সাক্ষাত করেন। অর্থ মন্ত্রক প্রতি বছর বিশেষজ্ঞ, শিল্প নেতা, অর্থনীতিবিদ এবং বিভিন্ন রাজ্যের কর্মকর্তাদের সঙ্গে বেশ কয়েকটি প্রাক-বাজেট পরামর্শ সভার আয়োজন করে থাকে। কেন্দ্রীয় বাজেটে বিভিন্ন দৃষ্টিভঙ্গি প্রতিফলিত হয় এবং মূল অর্থনৈতিক অগ্রাধিকারগুলিকে চিহ্নিত করা এবং সরকারই পরিকল্পনায় তা নিশ্চিত করার জন্যই এই ধরণের আলোচনা সভার আয়োজন হয়ে থাকে।

************************************************************************

ডিজিটাল লেনদেনে ডার্ক প্যাটার্ন নিবারণ সংক্রান্ত ২০২৩ নিয়মাবলী মেনে উপভোক্তদের স্বার্থ রক্ষার্থে ২৬ টি প্রথম সারির ই - কমার্স প্লাটফর্ম স্বেচ্ছায় তাদের সেলফ- ডিক্লারেশন লেটার জমা দিয়েছে। উপভোক্তা বিষয়ক মন্ত্রক বলেছে, অনলাইনে প্রতারণা আটকাতে এটি একটি উল্লেখযোগ্য পদক্ষেপ। এই ২৬ টি ই কমার্স কোম্পানিরা স্পষ্টভাবে জানিয়েছে, যে তারা ডার্ক প্যাটার্ন ব্যবহার করে না।

ডার্ক প্যাটার্ন নিবারণ সংক্রান্ত ২০২৩ নিয়মাবলীতে বাস্কেট স্নেকিং, ফোর্সড একশন, সাবস্ক্রিপশন ট্র্যাপ, লুকোনো বিজ্ঞাপন সহ ১৩ রকমের ডার্ক প্যাটার্নকে চিহ্নিত করা হয়েছে।

************************************************************************

দেশে ২০২৪-২৫ সালে প্রতিরক্ষা উৎপাদন এক লক্ষ ৫৪ হাজার কোটি টাকায় পৌঁছে সর্বোচ্চ রেকর্ড গড়েছে। এই সময়ে প্রতিরক্ষা রপ্তানিও ২৩ হাজার ৬২২ কোটি টাকার রেকর্ড ছুঁয়েছে। প্রতিরক্ষা সামগ্রী

উৎপাদনে এই বৃদ্ধি, দেশের সামরিক ক্ষেত্রকে শক্তিশালী করতে সরকারের নিরন্তর প্রচেষ্টার ফল। মন্ত্রক জানিয়েছে, প্রতিরক্ষা বাজেট ২০১৩-১৪ সালের দু লক্ষ ৫৩ হাজার কোটি টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২০২৫-২৬ সালে ছ লক্ষ ৮১ হাজার কোটি টাকায় পৌঁছেছে। সরকার ২০২৯ সালের মধ্যে প্রতিরক্ষা উৎপাদন তিন লক্ষ কোটি টাকা এবং প্রতিরক্ষা ক্ষেত্রে রপ্তানি ৫০ হাজার কোটি টাকায় পৌঁছনোর লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে।

*********************************************************************

নতুন দিল্লিতে আজ 'কলম্বো নিরাপত্তা কনক্লেভ'-এর অঙ্গ হিসেবে জাতীয় নিরাপত্তা উপদষ্টা NSA-দের সপ্তম বৈঠক শুরু হয়েছে। ভারতের জাতীয় নিরাপত্তা উপদষ্টা অজিত দোভাল, মালদ্বীপ, শ্রীলঙ্কা, মরিশাস এবং বাংলাদেশের জাতীয় নিরাপত্তা উপদষ্টারা এতে যোগ দিয়েছেন। সেস্‌লস পর্যবেক্ষক রাষ্ট্র হিসেবে বৈঠকে যোগ দিয়েছে। অন্যদিকে মালয়েশিয়া অংশ নিচ্ছে অতিথি রাষ্ট্র হিসেবে।

অনুষ্ঠানে শ্রী দোভাল বলেন, দ্রুত পরিবর্তনশীল পরিস্থিতি এবং বিশ্ব নিরাপত্তা ক্ষেত্রে
উদ্ভূত বিভিন্ন চ্যালেঞ্জের প্রেক্ষিতে 'কলম্বো নিরাপত্তা কনক্লেভ', বিশেষ তাৎপর্যপূর্ণ হয়ে উঠেছে। মহাসাগর হল সবচেয়ে বড় ঐতিহ্য এবং অর্থনীতির উন্নয়নে এটি হল অন্যতম প্রধান চালিকাশক্তি।

( বাইট- দোভাল )

উল্লেখ্য, সদস্য দেশগুলির মধ্যে সহযোগিতা বৃদ্ধি এবং ভারত মহাসাগরীয় অঞ্চলে নিরাপত্তা বাড়ানোর ক্ষেত্রে পারস্পরিক অংশীদারিত্ব আরো শক্তিশালী করতে 'কলম্বো নিরাপত্তা কনক্লেভ' গঠিত হয়েছে।

*********************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ৩০ শে নভেম্বর (রবিবার) আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৮-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

*********************************************************************

আকাশবাণী কলকাতা, ১০ টি জেলার জন্য চুক্তির ভিত্তিতে আংশিক সময়ের সাংবাদিক নিয়োগ করবে। জেলাগুলি হল- বীরভূম, আলিপুরদুয়ার, পশ্চিম বর্ধমান, দার্জিলিং, দক্ষিণ দিনাজপুর, ঝাড়গ্রাম, কালিম্পং, হুগলী, পূর্ব মেদিনীপুর এবং কলকাতা।

এ সংক্রান্ত যাবতীয় তথ্য www.newsonair.gov.in –এ পাওয়া যাবে।
আবেদন জানানোর শেষ তারিখ, ১৫'ই ডিসেম্বর।

*********************************************************************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, আদিবাসী সম্প্রদায় এবং দেশের উন্নয়ন পরস্পরের পরিপূরক। ছত্তিশগড়ের অম্বিকাপুর শহরে আজ জনজাতীয় গৌরব দিবস উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে রাষ্ট্রপতি বলেন, আদিবাসী সম্প্রদায়ের অবদান ভারতের ইতিহাসে একটি গৌরবময় অধ্যায়। তিনি আদিবাসী সংস্কৃতি দেশের ঐতিহ্য এবং পরিচয়, একে সংরক্ষণ করা সকলের দায়িত্ব। অনুষ্ঠানে রাষ্ট্রপতি স্বাধীনতা সংগ্রামী আদিবাসী নেতার পরিবারের সদস্যদের সম্মানিত করেন।

*********************************************************************

ভারতীয় সংবিধানের ২০০ ও ২০১ ধারার অধীনে আনা কোনো বিলে রাষ্ট্রপতি ও রাজ্যপালের স্বীকৃতির বিষয়ে কোনো সময়সীমা আদালত বেঁধে দিতে পারেনা বলে স্পষ্ট জানিয়েছে সুপ্রিম কোর্ট।

প্রধান বিচারপরি বি আর গাভাই-এর নেতৃত্বে পাঁচ সদস্যের সাংবিধানিক বেঞ্চ সর্ব সম্মতিক্রমে জানিয়েছে, যদি রাজ্যপাল সংবিধানের ২০০ ধারার অধীনে কোন বিলে স্বীকৃতি প্রদানে দেরী করেন, তা' হবে যুক্তরাষ্ট্রীয় কাঠামোর পরিপন্থী।

কোনো বিলে রাষ্ট্রপতি ও রাজ্যপালের স্বীকৃতি প্রদানে সময়সীমা সংক্রান্ত 'প্রেসিডেন্সিয়াল রেফারেন্স'-এর বিষয়ে এই রায়।

উল্লেখ্য, তামিলনাড়ু-র ১০ টি বিলে রাজ্যপাল আর এন রবির স্বীকৃতি প্রদানে বিলম্ব-কে সুপ্রিম কোর্টের দুই সদস্যের বেঞ্চ বিষয়টি বেআইনি এবং পক্ষপাতদুষ্ট বলে রায় দেয়। বিধানসভায় দ্বিতীয়বারের জন্য পাশ হওয়া বিলগুলিতে রাষ্ট্রপতি এবং রাজ্যপাল তিন মাসের মধ্যে তাঁদের স্বীকৃতি প্রদান করবে বলে জানায় সুপ্রিম কোর্ট।

*********************************************************************

বিগত দশকে স্বাস্থ্য ক্ষেত্রে গবেষণা এবং ফার্মাসিউটিক্যাল ক্ষেত্রে আন্তর্জাতিক স্তরে ভারত নিজের স্থান আরও মজবুত করেছে বলে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রী জগত প্রকাশ নাড্ডা জানিয়েছেন। জাতীয় এক স্বাস্থ্য সম্মেলনে

নিজের ভিডিও বার্তায় শ্রী নাড্ডা বলেন, প্রযুক্তির উন্নয়ন, গবেষণা দক্ষতা এবং দ্রুত বিকাশশীল স্টার্ট আপ পরিমণ্ডলকে হাতিয়ার করে ভারত বর্তমানে একটি উদ্ভাবনী কেন্দ্র হিসেবে উঠে আসছে। জাতীয় ওয়ান হেলথ মিশনের সূচনা, অতিমারির মোকাবিলার প্রস্তুতির একটি গুরুত্বপূর্ণ উদাহরণ। এই মিশন জনগণের স্বাস্থ্য সুরক্ষা এবং পরিবেশ রক্ষায় কেন্দ্র এবং রাজ্যের ১৬টি মন্ত্রক ও বিভাগকে এক জায়গায় নিয়ে এসেছে। ভারত, দেশীয় পদ্ধতিতে কোভ্যাক্সিন, করবিভ্যাক্স এবং কোভিশিল্ডের মতো ভ্যাকসিন তৈরি করেছে এবং একশোরও বেশি দেশে ভ্যাকসিন সরবরাহ করেছে। জাতীয় ওয়ান হেলথ মিশনে গৃহীত উদ্যোগ স্বাস্থ্য ক্ষেত্রের উন্নয়ন, অতিমারি বা মহামারির মতো পরিস্থিতি মোকাবিলায়ও সহায়তা করবে।
নতুন দিল্লিতে জাতীয় এক স্বাস্থ্য সম্মলেনে যোগ দিয়ে নীতি আয়োগের সদস্য ডঃ ভি কে পল বলেন, জাতীয় ওয়ান হেলথ মিশন একটি সুসংহত, সম্ভাবনাময় এবং ভবিষ্যতমুখী স্বাস্থ্য সংক্রান্ত রূপরেখা।

************************************************************************

ভারতের ৫৬তম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব (IFFI) আজ গোয়ার পানাজিতে শুরু হতে চলেছে, চলবে ২৮ শে নভেম্বর পর্যন্ত।

( ওপেনিং সং )

গোয়ার মুখ্যমন্ত্রী ডক্টর প্রোমোদ সাওয়ান্ত আজ সকালে বর্ণাঢ্য কুচকাওয়াজের মাধ্যমে অনুষ্ঠানের উদ্বোধনের আগে ওয়েভস ফিল্ম বাজারের সূচনা করবেন। তাঁর সঙ্গে থাকবেন তথ্য ও সম্প্রচার সচিব সঞ্জয় জাজু। এবছর ইফি শৈশবের বিভিন্ন দিক, চ্যালেঞ্জ ও অনুপ্রেরণার গল্পের মাধ্যমে তুলে ধরার জন্য ইউনিসেফের অংশীদার হিসাবে কাজ করছে।
এবারের উৎসবে ৮১টি দেশের ২৪০টি চলচ্চিত্র প্রদর্শিত হবে। মারগাওয়ের রবীন্দ্র ভবনে উৎসবের উদ্বোধনী সিনেমা হিসেবে দেখানো হবে ব্রাজিলের ছবি ‘দ্য ব্লু ট্রেইল’।

এই উৎসবে থাকছে ছ'টি বাংলা ছবি। এর মধ্যে আছে ভারতীয় প্যানরোমা বিভাগে দুটি-সৌকর্য ঘোষালের ‘পক্ষীরাজের ডিম’ এবং নট ও নাট্যকার শিশির ভাদুড়ীর জীবন নিয়ে ‘রেশমি মিত্রের বড়বাবু’। ইন্ডিয়ান প্যানোরোমা নিউ হরাইজন বিভাগেও মাত্র দুটি ছবি জায়গা পেয়েছে, তার মধ্যে একটি নীল দত্তের বংলা ছবি বিয়ে ফিয়ে নিয়ে। সেরা ডেবিউ ডিরেক্টর বিভাগে বিনোদিনী একটি নটীর উপাখ্যান সিনেমার জন্য

নির্বাচিত হয়েছেন পরিচালক রাম কমল মুখার্জি। বিশেষ প্রদর্শনী বিভাগে দেখানো হবে বাংলা ভাষার সিনেমা ইন্দিরা ধর মুখার্জির--পুতুল। এছাড়াও শতবার্ষিকী স্মরণ বিভাগে ঋত্বিক ঘটকের সুবর্ণরেখা এবং সলিল চৌধুরীর শতবার্ষিকী স্মরণে ঋষিকেশ মুখার্জির হিন্দি ছবি ‘মুসাফির’ও প্রদর্শিত হবে।

*******************************************************************

বাংলাদেশের সুপ্রিম কোর্ট আজ ২০১১ সালের রায় বাতিল করে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের ব্যবস্থায় জাতীয় নির্বাচন পরিচালনার ব্যবস্থা পুনর্বহাল করেছে।

রায় অনুসারে, তত্ত্বাবধায়ক সরকারের অধীনেই বাংলাদেশের পরবর্তী জাতীয় নির্বাচন কার্যকর হবে।

*******************************************************************